

**আজ ছাত্রদলের
ধর্মঘট আহ্বান**
(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)
ছাত্রদল নেতা কবীর, লিটন
ও ছাত্র সংগ্রাম পরিষদ কর্মী ইউ-
সুফ হত্যার প্রতিবাদে ও ঢাকা
ভাসিটির ৯ জন ছাত্রের বহিষ্কার-
দেশ প্রত্যাহারের দাবীতে ছাত্রদল
(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

157

ছাত্রদলের ধর্মঘট আহ্বান
(১ম পৃ: পর)

আজ (শনিবার) সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে। একই দাবী আদায়ের লক্ষ্যে ছাত্রদলের উদ্যোগে ১১ই সেপ্টেম্বর জাতীয় প্রেসক্লাবের সম্মুখে ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হইবে। কুমিল্লায় ছাত্রদল কর্মী লিটন হত্যাকাণ্ডের নিন্দা করিয়া ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ ও সাধারণ সম্পাদক শশ-তাক হোসেন এক বিবৃতিতে বলেন, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জামায়াত-শিবিরের সশস্ত্র হামলা ছাত্র সমাজের শিক্ষা জীবনকে হুমকির সম্মুখীন করিয়াছে। বিবৃতিতে সারাদেশে সকল সন্ত্রাসী শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়িয়া তোলার আহ্বান জানানো হয়। ছাত্রলীগ (হা-জ), ছাত্র লীগ (আ-মো), ছাত্রমৈত্রী, ছাত্র ইউনিয়ন পৃথক বিবৃতিতে লিটন হত্যাকাণ্ডের নিন্দা করিয়া দোষী ব্যক্তির শাস্তি দাবী করিয়াছে।

২২ ছাত্র সংগঠনের যুক্ত বিবৃতিতে হত্যাকাণ্ডের তীব্র নিন্দা করিয়া জামায়াত-শিবির নিষিদ্ধ ঘোষণার দাবী জানানো হয়। বিএনপি (ওবায়েদ) সমর্থিত ছাত্রদল সভাপতি মো: কামালউদ্দিন ও সাধারণ সম্পাদক আবুল বাসার এক বিবৃতিতে বলেন, লিটনসহ সকল হত্যাকাণ্ডের বিচার না হইলে পরিণতি ভয়াবহ হইবে।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় ছাত্র দলের সাধারণ সম্পাদক আশরাফ উদ্দিন খান জামায়াত বিরোধী আন্দোলন জোরদার করার আহ্বান জানান। গতকাল বিকালে চট্টগ্রামের নিউমার্কেট চত্বরে চট্টগ্রাম মহানগরী ছাত্রদলের উদ্যোগে প্রতিবাদসভা ও বিক্ষোভ মিছিল হয়; সভাপতিত্ব করেন আবু সুফিয়ান, বক্তৃতা করেন তৈমুর আহমদ, মঞ্জুর রহমান, রফিকুল ইসলাম। গতকাল সন্ধ্যায় পলনায় ছাত্রদল বিক্ষোভ মিছিল বাহির করে, ইহাতে হত্যাকাণ্ডের বিচার ও জামায়াত-শিবির নিষিদ্ধ করার দাবী জানানো হয়। খবর আমাদের সংবাদদাতা ও প্রতিনিধি গণপ্রেরিত। বিএনপির কুমিল্লা সদর (উ:) জেলা শাখা এক বিজ্ঞপ্তিতে হত্যাকারীদের শাস্তি ও অপহৃত ছাত্রদল কর্মী পাঞ্জ কে উদ্ধারের দাবী জানায়। জাসদ সভাপতিমণ্ডলীর সদস্য কাজী আরেক আহমেদ ও সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু এক বিবৃতিতে জামায়াত-শিবিরের সশস্ত্র তৎপরতাকে মোকাবিলা করার আহ্বান জানান।